



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ মে ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বামপন্থী নেতা হায়দার আকবর খান রনোর মৃত্যুতে শোক

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত বিকাশ খীসা ও সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা এক যুক্ত বিবৃতিতে বাংলাদেশের অন্যতম বামপন্থী নেতা ও ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক হায়দার আকবর খান রনোর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেছেন, তিনি আজীবন অধিকারহারা, শোষিত, বঞ্চিত ও নিপীড়িত জনগণের মুক্তির জন্য লড়াই করে গেছেন।

আজ শনিবার ১১ মে ২০২৪ সংবাদ মাধ্যমে দেয়া উক্ত বিবৃতিতে পাহাড়ি জনগণের অধিকার আদায়ের আন্দোলনে তাঁর সমর্থনের কথা স্মরণ করে ইউপিডিএফ নেতৃত্ব বলেন, ‘হায়দার আকবর খান রনো পার্বত্য চট্টগ্রামের পাহাড়ি জনগণের ন্যায্য দাবির পাশে ছিলেন। বিশেষ করে ‘পার্বত্য চুক্তি’ পরবর্তী কঠিন সময়ে ২০০০ সালের ২০ মে খাগড়াছড়িতে অনুষ্ঠিত পূর্ণস্বায়ত্তশাসনপন্থী পাহাড়ি ছাত্র পরিষদের ১১তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আমন্ত্রিত অতিথি হিসেবে তাঁর যোগদান লড়াকু কর্মীদের মনে সাহস ও শক্তি যুগিয়েছে।’

পার্বত্য চট্টগ্রামের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে নিবেদিত নেতা-কর্মী ও মুক্তিকামী জনগণ তাঁকে মনে রাখবে বলে ইউপিডিএফ নেতৃত্ব মন্তব্য করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।